গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০০৫.২০১৮/৬৪৪/৭ তারিখ : ---২৪/০২/২০২২ খ্রি.

বিষয় : বেসরকারি কলেজে গভর্নিংবডি কর্তৃক অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও কর্মচারী নিয়োগে সুপারিশ করার ক্ষেত্রে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন ও এমপিও নীতিমালা ও জনবল কাঠামো অনুসরণ।

সূত্র : মাউশি অধিদপ্তরের এমপিও কমিটির ১২/১২/২০২১ তারিখের সভার রেজুলেশন;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি কলেজে গভর্নিং বডি কর্তৃক অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও কর্মচারী নিয়োগে মহাপরিচালক এর প্রতিনিধি মনোনয়নের/দায়িত্বপালনের ক্ষেত্রে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা এবং প্রাসাঙ্গিক অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। এ বিষয়ে মাউশি অধিদপ্তরে ১২/১২/২০২১ খ্রি. অনুষ্ঠিত এমপিও চূড়ান্ত কমিটির সভার সিদ্ধান্ত হলো : বেসরকারি কলেজে গভর্নিং বডি কর্তৃক অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও কর্মচারী নিয়োগ বোর্ডে সুপারিশ করার ক্ষেত্রে মহাপরিচালকের প্রতিনিধি হিসেবে নিয়োগ সংক্রান্ত বিভিন্ন বিধি-বিধান, জনবল কাঠামো ও এমপিও নীতিমালা এবং প্রাসাঙ্গিক অন্যান্য কাগজপত্র যথাযথভাবে যাচাইপূর্বক নিশ্চিত হয়ে দায়িত্বপালন করতে হবে এবং নিয়োগের সুপারিশ করতে হবে।

উল্লেখ্য,বেসরকারি কলেজে নিয়োগের মহাপরিচালক এর প্রতিনিধি মনোনয়নের বিষয়ে স্মারক নং ৭জি-১৫৮(ক-৩)/২০০৮/৫০৭০(১৪০) তারিখ : ০৩/০৭/২০১৩ মোতাকে জারিকৃত অফিস আদেশটি যথাযথভাবে অনুসরণ করার অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিষয়টি অবহিত করা হলো।

24.2.2022
(প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী)
পরিচালক(কলেজ ও প্রশাসন)

অধ্যক্ষ, সরকারি কলেজ
(দায়িত্বপ্রাপ্ত সকল কলেজ)

অনুলিপি ও প্রয়োজনীয় কার্যার্থে:
(১) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,(সকল);
(২) পরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা(সকল অঞ্চল);
(৩) মহাপরিচালক, ব্যানবেইস,পলাশী, ঢাকা;
(৪) সচিব, অবসর কল্যাণ বোড/কল্যাণ বোড,ঢাকা;
(৫) অধ্যক্ষ, বেসরকারি কলেজ(সকল);
(৬) পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
(৭) সংরক্ষণ নথি।

"একই স্মারক ও তারিখ ঠিক রেখে বিকল্প আদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং-৭জি-১৫৮(ক-৩)/২০০৮/৫০৭০/১৪০ তারিখ- ০৩/০৭/২০১৩ খ্রি.

# অফিস আদেশ

বিষয় : বেসরকারি কলেজ এবং আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসাসমূহে শিক্ষক/কর্মচারী নিয়োগে মহাপরিচালক এর প্রতিনিধি মনোনয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বেসরকারি কলেজ এবং আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসাসমূহে শিক্ষক/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাউশি এর প্রতিনিধি আবশ্যক। নিয়োগ বোর্ডে মহাপরিচালক কর্তৃক মনোনীত প্রতিনিধি ছাড়া শিক্ষক/কর্মচারী নিয়োগ করা হলে নিয়োগকৃত শিক্ষক/কর্মচারীর আবেদন এমপিওভুক্তির জন্য বিবেচনা করা হবে না। ঢাকা জেলা ব্যতীত যে সকল উপজেলা/থানায় সরকারি কলেজ/কলেজ সমূহ রয়েছে সে সকল উপজেলা/থানায় নিয়োগের ক্ষেত্রে উক্ত উপজেলা/থানার সরকারি কলেজ/কলেজ সমূহের অধ্যক্ষ এবং যে সকল উপজেলা/থানায় সরকারি কলেজ নেই সে সকল উপজেলা/থানার প্রতিষ্ঠানের ক্ষেত্রে এতদসংগে সংযুক্ত তালিকাভুক্ত (সংযুক্তি 'ক') সরকারি কলেজের অধ্যক্ষগণ (নিজ উপজেলা/থানার দায়িত্বের অতিরিক্ত হিসেবে) সংশ্লিষ্ট জেলার বেসরকারি কলেজ এবং আলিম, ফাযিল ও কামিল মাদ্রাসাসমূহে শিক্ষক/কর্মচারী নিয়োগে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৪/০২/২০১০ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকায় নির্ধারিত জনবল কাঠামো মোতাবেক পদ শূন্য থাকার বিষয়টি নিশ্চিত হয়ে মহাপরিচালক এর প্রতিনিধি হবেন/মনোনয়ন দিবেন। ঢাকা জেলার ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা মহাপরিচালক এর প্রতিনিধি মনোনয়ন দিবেন। মহাপরিচালক এর প্রতিনিধি হিসেবে নিম্নোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০১। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৪/০২/২০১০ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকার অনুচ্ছেদ ৬.১(গ), ৬.২(ক), ৬.২(খ), ৬.৩(খ), ৬.৩(গ), ৬.৩ (ঘ) এবং প্রযোজ্য অন্যান্য অনুচ্ছেদ মোতাবেক কেবলমাত্র প্যাটার্ণভুক্ত শূন্য পদে শিক্ষক/কর্মচারী নিয়োগের জন্য সুপারিশ করবেন। এক্ষেত্রে প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতিপত্র/অধিভুক্তি, সর্বশেষ এমপিওশীট এবং শিক্ষক/কর্মচারীর তালিকা যাচাই করতে হবে। ০৪/০২/২০১০ তারিখের জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকায় অনুমোদিত পদের অতিরিক্ত কোন পদে অনুচ্ছেদ '২'(দুই) এর প্রতিপালন ব্যতীত নিয়োগ/বাছাই পরীক্ষা গ্রহণে ডিজির প্রতিনিধি অংশ নিবেন না/মনোনয়ন দিবেন না।

০২। ৪/২/২০১০ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকার ১১(ঝ) অনুচ্ছেদ মোতাবেক বেসরকারি এমপিওভুক্ত/এমপিওবিহীন শিক্ষা প্রতিষ্ঠানে প্যাটার্ন অতিরিক্ত পদে এবং স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর স্তরের শিক্ষক কর্মচারী নিয়োগের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তে ডিজির প্রতিনিধি মনোনয়ন দেয়া যাবে।

(ক) '' নিয়োগযোগ্য পদটি এমপিওভুক্তির যোগ্য নহে, তবে সংশ্লিষ্ট পদে নিয়োগপ্রাপ্ত শিক্ষক কর্মচারীকে ১০০% বেতন ভাতা প্রতিষ্ঠান হতে প্রদান করা হবে"- এরূপ শর্ত পত্রিকা বিজ্ঞপ্তিতে উল্লেখ থাকতে হবে এবং বিষয়টি ডিজি'র প্রতিনিধি মনোনয়নকালে নিশ্চিত হতে হবে। উক্ত শর্তের বিষয়টি ডিজি'র প্রতিনিধি শিক্ষক কর্মচারী নিয়োগ সংক্রান্ত ফলাফল শীটে উল্লেখ করবেন। নিয়োগ অনুমোদনের রেজুলেশন এবং নিয়োগপত্রেও উক্ত রূপ শর্ত উল্লেখ থাকতে হবে। উল্লেখিত শর্তে নিয়োগকৃত শিক্ষক/কর্মচারী পরবর্তীতে প্যাটার্ণ ভুক্ত পদ শূন্য হলে ২(ক) শর্ত শিথিল বলে বিবেচিত হতে পারে ।

০৩। বাংলাদেশের অভ্যন্তরে নতুনভাবে কলেজ ও মাদ্রাসা স্থাপনের ক্ষেত্রে ৪/২/২০১০ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকা মোতাবেক প্রাপ্য পদসমূহে ইনডেক্সধারী/নিবন্ধনধারী শিক্ষক ও অন্যান্য কর্মচারী নিয়োগে ডিজি'র প্রতিনিধি মনোনয়ন দেয়া যাবে।

০৪। বিদ্যমান এমপিওভুক্ত/ননএমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে নতুন বিষয় খোলার অনুমতি প্রাপ্তির পূর্বে শিক্ষক নিয়োগ না করার বিষয়ে মন্ত্রণালয়ের ৩০/১২/২০০৯ তারিখে নং শিক্ষা/শাঃ ৯/অনুঃ স্বীঃ ৩৮/২০০৬/১৩৯৪ পরিপত্র অনুসরণ করতে হবে এবং এরূপ ক্ষেত্রে ডিজি'র প্রতিনিধি মনোনয়ন দেয়া যাবে না।

০৫। সংযুক্ত তালিকাভুক্ত কলেজের অধ্যক্ষগণ ডিজির প্রতিনিধি মনোনয়নের ক্ষেত্রে সরকারি কলেজের বিষয় ভিত্তিক শিক্ষককে ডিজির প্রতিনিধি মনোনয়ন দিবেন। এক্ষেত্রে নিজ জেলার সরকারি কলেজসমূহে সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষক না থাকলেই কেবলমাত্র নিকটস্থ জেলার সরকারি কলেজ হতে ডিজির প্রতিনিধি মনোনয়ন দিবেন। যে সকল বিষয়ে সরকারি কলেজের শিক্ষক নেই সেক্ষেত্রে নিম্নোক্তভাবে ডিজি'র প্রতিনিধি মনোনয়ন দেয়া যাবে।

(ক) কম্পিউটার শিক্ষাঃ গণিত, পদার্থ অথবা পরিসংখ্যান বিষয়ের শিক্ষক-কে মনোনয়ন দিতে হবে।

(খ) সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনাঃ হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা ও মার্কেটিং বিষয়ের শিক্ষক-কে মনোনয়ন দিতে হবে।

উল্লেখ্য, অধ্যক্ষ/উপাধ্যক্ষ নিয়োগের ক্ষেত্রে অধ্যাপক পদমর্যাদার প্রতিনিধি মনোনয়ন দিবেন।

০৬। আলিম ফাযিল ও কামিল মাদ্রাসার শিক্ষক-কর্মচারীসহ সকল পদে নিয়োগের জন্য নির্ধারিত সরকারি কলেজের অধ্যক্ষগণ ডিজি'র প্রতিনিধি হবেন/মনোনয়ন দিবেন। শুধুমাত্র দাখিল মাদ্রাসার শিক্ষক কর্মচারী নিয়োগের ক্ষেত্রে জেলা শিক্ষা অফিসার ডিজি'র প্রতিনিধি মনোনয়ন দিবেন।

০৭। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৪/০২/২০১০ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকার অনুচ্ছেদ ১১(ক), ১১(খ) এবং পরিশিষ্ট 'ঘ' মোতাবেক কাম্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে শিক্ষক/কর্মচারী হিসেবে নিয়োগের জন্য সুপারিশ করবেন।

০৮। মহিলা কোটা পূরণের ক্ষেত্রে ০৪/০২/২০১০ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকার অনুচ্ছেদ ৯(গ) এবং তৎপরবর্তীতে জারীকৃত নির্দেশনা পুঙ্খানুপুঙ্খভাবে অনুসরণ করতে হবে।

০৯। প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতি/অধিভুক্তি এবং নিয়মিত গভর্ণিংবডি/ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান না থাকলে শিক্ষক-কর্মচারী নিয়োগের সুপারিশ করা যাবে না।

১০। নিয়োগযোগ্য পদের বিপরীতে আদালতে মামলা বিচারাধীন থাকলে ডিজি'র প্রতিনিধি মনোনয়ন দেয়া যাবে না।

১১। শিক্ষক/কর্মচারী নিয়োগ সংক্রান্ত বাছাই পরীক্ষার সমন্বিত ফলাফল শীটে অবশ্যই ডিজির প্রতিনিধির নাম, পদবী, আইডি নম্বর ও ঠিকানা সম্বলিত সীল ব্যবহার করে তারিখসহ স্বাক্ষর করবেন।

১২। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৪/০২/২০১০ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকার পরবর্তী কোন সংশোধনী থাকলে তাহা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি হিসেবে উপরোক্ত নির্দেশাবলী পুঙ্খানুপুঙ্খভাবে প্রতিপালন ব্যতীত বেসরকারি কলেজ এবং আলিম, ফাযিল ও কামিল মাদ্রাসাসমূহে শিক্ষক/কর্মচারী নিয়োগের সুপারিশ করা হলে শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৯/২০০৬ তারিখের নং- শাঃ৪/মামলা/৮-২৩৩/২০০৬/১১৯১ পরিপত্র মোতাবেক শৃংখলামূলক ব্যবস্থা গৃহীত হবে।

এতদসংক্রান্ত মাউশি অধিদপ্তরের ১৫/০৪/২০১২ তারিখের নং- ৭জি/১৫৮(ক-৩)/২০০৮/১৭৫৬ পরিপত্রটি এতদ্বারা বাতিল করা হলো।

আদেশ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের মাধ্যমিক স্তরের শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

ীর তারিখ হতে এ আদেশ কার্যকর হবে।

স্বাক্ষরিত/

প্রফেসর ফাহিমা খাতুন

মহাপরিচালক

ফোন ঃ ৯৫৫৩৫৪২

e\shafi

স্মারক নং-৭জি-১৫৮(ক-৩)/২০০৮/৫০৭০/১৪০ তারিখ- ০৩/০৭/২০১৩ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ

০১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৩। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৪। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
০৫। অধ্যক্ষ, ........................................................................................।
০৬। উপ-পরিচালক (প্রশাসন/কলেজ-১,২/বিশেষ/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৭। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ........................... অঞ্চল, ..................... তাঁর অঞ্চলের সকল বেসরকারি কলেজ এবং আলিম, ফাযিল ও কামিল মদ্রাসাসমূহে অফিস আদেশটি বিতরণ করার জন্য অনুরোধ করা হলো।
০৮। সহকারী পরিচালক (প্রশাসন/কলেজ-১,২,৩,৪/বিশেষ/মাধ্যমিক/১,২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৯। সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। (অফিস আদেশটি মাউশির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১১। সংরক্ষণ নথি।

(মোঃ হেলাল উদ্দিন)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন নং- ৯৫৫৬০৫৭

c:\shafiqul\ad-sir #15

(সংযুক্তি- 'ক')

| ক্রমিক নং | জেলা | কলেজ | ক্রমিক নং | জেলা | কলেজ |
|---|---|---|---|---|---|
| ০১ | ঢাকা | মাউশি অধিদপ্ত র | ৩৩ | রাজশাহী | রাজশাহী সরকারি কলেজ/ নিউ গভ: ডিগ্রী সরকারি কলেজ |
| ০২ | মানিকগঞ্জ | সরকারি দেবেন্দ্র কলেজ/ মানিকগঞ্জ মহিলা সরকারি কলেজ | ৩৪ | নবাবগঞ্জ | নবাবগঞ্জ সরকারি কলেজ/ চাপাই নবাবগঞ্জ মহিলা সরকারি কলেজ |
| ০৩ | গাজীপুর | ভাওয়াল বদরে আলম কলেজ/ টংগী সরকারি কলেজ | ৩৫ | নাটোর | এন এস সরকারি কলেজ/ রানী ভাবানী মহিলা সরকারি কলেজ |
| ০৪ | নরসিংদী | নরসিংদী সরকারি কলেজ/ নরসিংদী মহিলা সরকারি কলেজ | ৩৬ | নওগাঁ | নওগাঁ সরকারি কলেজ/ বি এম সি. মহিলা সরকারি কলেজ |
| ০৫ | মুন্সিগঞ্জ | সরকারি হরগংগা কলেজ/ মুন্সিগঞ্জ মহিলা সরকারি কলেজ | ৩৭ | পাবনা | এডওয়ার্ড কলেজ/ শহীদ বুলবুল সরকারি কলেজ |
| ০৬ | নারায়নগঞ্জ | সরকারি তোলারাম কলেজ/ নারায়নগঞ্জ মহিলা সরকারি কলেজ | ৩৮ | সিরাজগঞ্জ | সিরাজগঞ্জ সরকারি কলেজ/ ইসলামিয়া সরকারি কলেজ |
| ০৭ | ফরিদপুর | সরকারি রাজেন্দ্র কলেজ/ ইয়াসিন সরকারি কলেজ | ৩৯ | রংপুর | কারমাইকেল কলেজ/ বেগম রোকেয়া সরকারি কলেজ |
| ০৮ | মাদারীপুর | নাজিম উদ্দিন কলেজ/ মাদারীপুর সুফিয়া সরকারি কলেজ | ৪০ | নীলফামারী | নীলফামারী সরকারি কলেজ / নীলফামারী মহিলা সরকারি কলেজ |
| ০৯ | শরীয়তপুর | শরীয়তপুর কলেজ/ গোলাম হায়দার খান মহিলা সরকারি কলেজ | ৪১ | গাইবান্ধা | গাইবান্ধা সরকারি কলেজ/ গাইবান্ধা মহিলা সরকারি কলেজ |
| ১০ | রাজবাড়ী | রাজবাড়ী সরকারি কলেজ/ রাজবাড়ী আদর্শ মহিলা সরকারি কলেজ | ৪২ | কুড়িগ্রাম | কুড়িগ্রাম সরকারি কলেজ/ কুড়িগ্রাম মহিলা সরকারি কলেজ |
| ১১ | গোপালগঞ্জ | বঙ্গবন্ধু কলেজ/ শেখ ফজিলাতুন্নেছা মহিলা সরকারি কলেজ | ৪৩ | লালমনিরহাট | লালমনিরহাট সরকারি কলেজ/ মজিদা খাতুন মহিলা সরকারি কলেজ |
| ১২ | টাংগাইল | সা'দত কলেজ/ এম. এম আলী সরকারি কলেজ | ৪৪ | বগুড়া | আযিযুল হক কলেজ/ শাহ সুলতান সরকারি কলেজ |
| ১৩ | জামালপুর | আশেক মাহমুদ কলেজ / জাহেদা সফির মহিলা সরকারি কলেজ | ৪৫ | জয়পুরহাট | জয়পুরহাট সরকারি কলেজ/ জয়পুরহাট মহিলা সরকারি কলেজ |
| ১৪ | শেরপুর | শেরপুর সরকারি কলেজ/ শেরপুর মহিলা সরকারি কলেজ | ৪৬ | দিনাজপুর | দিনাজপুর সরকারি কলেজ / দিনাজপুর মহিলা সরকারি কলেজ |
| ১৫ | ময়মনসিংহ | আনন্দ মোহন কলেজ/ মুমিনুন্নিছা মহিলা সরকারি কলেজ | ৪৭ | ঠাকুরগাঁও | ঠাকুরগাঁও সরকারি কলেজ/ ঠাকুরগাঁও মহিলা সরকারি কলেজ |
| ১৬ | কিশোরগঞ্জ | গুর"দয়াল সরকারি কলেজ/ কিশোরগঞ্জ মহিলা সরকারি কলেজ | ৪৮ | পঞ্চগড় | মকবুলার রহমান কলেজ/ পঞ্চগড় মহিলা সরকারি কলেজ |
| ১৭ | নেত্রকোণা | নেত্রকোণা সরকারি কলেজ/ নেত্রকোনা মহিলা সরকারি কলেজ | ৪৯ | খুলনা | বি এল কলেজ / পাওনিয়র মহিলা সরকারি কলেজ |
| ১৮ | চট্টগ্রাম | চট্টগ্রাম কলেজ / হাজী মুহম্মদ মহসিন কলেজ | ৫০ | বাগেরহাট | পিসি কলেজ / সরকারি মহিলা কলেজ |
| ১৯ | কক্সবাজার | কক্সবাজার সরকারি কলেজ/ কক্সবাজার মহিলা সরকারি কলেজ | ৫১ | সাতক্ষীরা | সাতক্ষীরা সরকারি কলেজ / সাতক্ষীরা মহিলা সরকারি কলেজ |
| ২০ | রাঙ্গামাটি | রাঙ্গামাটি সরকারি কলেজ | ৫২ | যশোর | এম এম কলেজ / যশোর সিটি সরকারি কলেজ |
| ২১ | খাগড়াছড়ি | খাগড়াছড়ি সরকারি কলেজ | ৫৩ | মাগুরা | হোঃ শঃ সোঃ সরকারি কলেজ / মাগুড়া মহিলা সরকারি কলেজ |
| ২২ | বান্দরবান | বান্দরবান সরকারি কলেজ | ৫৪ | ঝিনাইদহ | কে সি সরকারি কলেজ/ নুর"ন্নাহার মহিলা সরকারি কলেজ |
| ২৩ | নোয়াখালী | নোয়াখালী সরকারি কলেজ/ নোয়াখালী মহিলা সরকারি কলেজ | ৫৫ | নড়াইল | ভিক্টোরিয়া সরকারি কলেজ/ নড়াইল মহিলা সরকারি কলেজ |
| ২৪ | ফেনী | ফেনী সরকারি কলেজ / জিয়া মহিলা সরকারি কলেজ | ৫৬ | কুষ্টিয়া | কুষ্টিয়া সরকারি কলেজ / কুষ্টিয়া মহিলা সরকারি কলেজ |
| ২৫ | লক্ষ্মীপুর | লক্ষ্মীপুর সরকারি কলেজ/ লক্ষ্মীপুর মহিলা সরকারি কলেজ | ৫৭ | চুয়াডাঙ্গা | চুয়াডাঙ্গা সরকারি কলেজ / চুয়াডাঙ্গা আদর্শ মহিলা সরকারি কলেজ |
| ২৬ | কুমিল া | ভিক্টোরিয়া কলেজ/ কুমিল- া মহিলা সরকারি কলেজ | ৫৮ | মেহেরপুর | মেহেরপুর সরকারি কলেজ / মেহেরপুর মহিলা সরকারি কলেজ |
| ২৭ | ব্রাহ্মণবাড়িয়া | ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ / ব্রাহ্মণবাড়িয়া মহিলা সরকারি কলেজ | ৫৯ | বরিশাল | বি এম কলেজ/ বরিশাল সরকারি কলেজ |
| ২৮ | চাঁদপুর | চাঁদপুর সরকারি কলেজ/ চাঁদপুর মহিলা সরকারি কলেজ | ৬০ | ভোলা | ভোলা সরকারি কলেজ/ ফজিলাতুন্নেছা মহিলা সরকারি কলেজ |
| ২৯ | সিলেট | এমসি কলেজ/ সিলেট মহিলা সরকারি কলেজ | ৬১ | ঝালকাঠি | ঝালকাঠি সরকারি কলেজ/ ঝালকাঠি মহিলা সরকারি কলেজ |
| ৩০ | মৌলভীবাজার | মৌলভীবাজার সরকারি কলেজ/ মৌলভীবাজার মহিলা সরকারি কলেজ | ৬২ | পিরোজপুর | সোহরাওয়ার্দী কলেজ/ পিরোজপুর মহিলা কলেজ |
| ৩১ | হবিগঞ্জ | বৃন্দাবন কলেজ/ বৃন্দাবন মহিলা সরকারি কলেজ | ৬৩ | পটুয়াখালী | পটুয়াখালী সরকারি কলেজ/ পটুয়াখালী মহিলা সরকারি কলেজ |
| ৩২ | সুনামগঞ্জ | সুনামগঞ্জ কলেজ/ সুনামগঞ্জ মহিলা সরকারি কলেজ | ৬৪ | বরগুনা | বরগুনা সরকারি কলেজ / বরগুনা মহিলা সরকারি কলেজ |